

ব্র্যাক
ব্র্যাক শিক্ষা কর্মসূচি- পেইস
মেধাবিকাশ উদ্যোগ

তারিখ : ২৩.৬.২০১৬

প্রতি: সংশ্লিষ্ট এলাকা ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, পেইস।

বিষয়: “মেধাবিকাশ উদ্যোগ”-এর আওতায় স্নাতক পর্যায়ে অধ্যয়নরত (৯ম ব্যাচ, এসএসসি ২০১৩ ও এইচএসসি, ২০১৫) শিক্ষার্থীদের বৃত্তি প্রদান প্রসঙ্গে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ব্র্যাক মেধাবিকাশ উদ্যোগ কর্মসূচিভুক্ত ৯ম ব্যাচের এইচএসসিতে চতুর্থ বিষয় বাদে জিপিএ ৪.৫ প্রাপ্ত ১৬৫ জন শিক্ষার্থীর মধ্য থেকে প্রথম প্রচেষ্টায় সেপ্টেম্বর ২০১৫-মার্চ ২০১৬ এর মধ্যে পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে এবং মে ২০১৬ এর মধ্যে প্রধান কার্যালয় বরাবর বৃত্তির আবেদন করেছে, এমন ১১০ টি আবেদনের মধ্যে জিপিএ,মনিটরিং রিপোর্ট এবং সর্বশেষ ৪ঠা জুন, ২০১৬ একযোগে ঢাকা সহ অন্যান্য এলাকায় শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষায় তাদের পারফরমাসের ভিত্তিতে ৮১ জন সুবিধাবঞ্চিত শিক্ষার্থীকে স্নাতক পর্যায়ে বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে।

এ সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচিত শিক্ষার্থীরা সকলেই শিক্ষা প্রতিষ্ঠানের মাসিক বেতন ও আনুষঙ্গিক খরচ বাবদ নির্ধারিত বৃত্তির মেয়াদ অনুযায়ী প্রতিমাসে নির্দিষ্ট হারে বৃত্তি পাবে। মেয়ে শিক্ষার্থীরা মাসিক ৪,০০০ (চার হাজার) টাকা এবং ছেলে শিক্ষার্থীরা মাসিক ৩,০০০ (তিন হাজার) টাকা করে বৃত্তি পাবে। প্রত্যেক শিক্ষার্থী মার্চ ২০১৬ থেকে বৃত্তি পাবে এবং বৃত্তির মেয়াদ শেষের তারিখ শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তির তারিখ ও কোর্সের মেয়াদ অনুযায়ী নির্ধারণ করা হয়েছে। শিক্ষার্থীদের মার্চ ২০১৬- মে ২০১৬ এর বৃত্তি মাঠপর্যায় থেকে দিয়ে দিতে অনুরোধ করা হচ্ছে। জুন ২০১৬ ও এর পরবর্তী মাসের বৃত্তি bKash এর মাধ্যমে প্রদান করা হবে। উল্লেখ্য, শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অবস্থান অনুযায়ী শিক্ষার্থীদের পেইস এলাকা পুনঃনির্ধারণ করা হয়েছে।

আগামী জুলাইতে আসন্ন স্নাতক পর্যায়ে শিক্ষার্থীদের নিয়ে বার্ষিক সভায় বৃত্তির ঘোষণা, মূল অভিনন্দন পত্র ও ব্যাংক চেক বিতরণ, শিক্ষার্থীর অঙ্গীকারনামায় স্বাক্ষর সম্পন্ন করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অনুষ্ঠানে শিক্ষার্থীদের সাথে তাদের ব্র্যাকের প্রতি জবাবদিহিতা ও দায়িত্ববোধ এবং আত্ম উন্নয়নের পদক্ষেপ নিতে উদ্বুদ্ধ করতে হবে। ব্র্যাক শিক্ষার্থীদের জন্য করা বৃত্তি সংক্রান্ত নির্দেশনার (bep/২০১৬/C-১২) ১ টি কপি উপস্থিত সব শিক্ষার্থীকে দিতে হবে যাতে তারা তা নিজের খরচে ফটোকপি করে নেয় এবং মূল কপিটি সংশ্লিষ্ট ব্র্যাক কর্মকর্তাকে ফেরত দেয়। এখানে আরও উল্লেখ্য যে, মূল অভিনন্দন পত্র ও স্বাক্ষরিত শিক্ষার্থীর অঙ্গীকারনামা scan করে pdf আকারে মেধাবিকাশ আইডির শেষ চার ডিজিটে মূল অভিনন্দন পত্রটি save করে ও স্বাক্ষরিত শিক্ষার্থীর অঙ্গীকারনামা মেধাবিকাশ আইডির শেষ চার ডিজিট ও নিজ নামের আদ্যাঙ্করে save করে বৃত্তির চেক পাবার ২ দিনের মধ্যে rizwana.a@brac.net এই ঠিকানায় শিক্ষার্থীদের নিজস্ব ইমেইল থেকে ইমেইল করে পাঠাতে হবে। এই দুটি ডকুমেন্ট ইমেইল করে না পাঠালে শিক্ষার্থী জুন ২০১৬ থেকে বৃত্তি পাবে না।

এ সকল শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের পূর্বে শিক্ষার্থীর সাথে যোগাযোগ করে বৃত্তি প্রদানের সময় নিম্নলিখিত কাগজপত্রের ১ সেট শুধুমাত্র মাঠপর্যায়ে সংরক্ষণের উদ্দেশ্যে সংগ্রহ করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র:


১. শিক্ষার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত;
২. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি
৩. যে বিশ্ববিদ্যালয়/কলেজ-এ ভর্তি হয়েছে সেই বিশ্ববিদ্যালয়/কলেজ অধ্যক্ষ বা বিভাগীয় প্রধান এর প্রত্যয়ন পত্র
৪. বিশ্ববিদ্যালয়ে ভর্তির রশিদ
৫. ব্র্যাক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্র্যাক প্রাথমিক বিদ্যালয় সমাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি
৬. নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি
৭. ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি
৮. ছাত্রছাত্রীদেরকে প্রদত্ত অভিনন্দনপত্রের রিসিভিং কপি
৯. স্বাক্ষরিত শিক্ষার্থীর অঙ্গীকারনামার কপি

শিক্ষার্থী তালিকায় নামের কলামের উল্লেখিত মাসিক অর্থের প্রথম কিস্তি (মার্চ-মে ২০১৬) আগামী ৩০ জুলাই ২০১৬ এর মধ্যে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল।

অভিনন্দনপত্রের মূলকপি শিক্ষার্থী বৃত্তিসনদ হিসাবে সংরক্ষণ করবে।

প্রত্যেক শিক্ষার্থীর বিপরীতে কে কোন অফিস থেকে প্রথম কিস্তির বৃত্তির অর্থ গ্রহণ করবে সেই অফিসের নাম, উপজেলা, জেলা ইত্যাদি আগামী ৩১ অগাষ্ট, ২০১৬-এর মধ্যে মেধাবিকাশ উদ্যোগ, বিইপি- পেইস (১৮ম তলা), ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী ঢাকায় পাঠানোর জন্য বলা হল।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।



দিদারুল আনাম চৌধুরি

কর্মসূচি প্রধান

বিইপি- পেইস

সংযুক্তি:

১. নির্বাচিত শিক্ষার্থী তালিকা ২. অভিনন্দনপত্র ৩. শিক্ষার্থীর অঙ্গীকারনামা ৪. শিক্ষার্থীদের জন্য নির্দেশিকা

অনুলিপি:

১. গ্রুপ সিএফও, ব্র্যাক এন্ড ব্র্যাক ইন্টারন্যাশনাল
২. পরিচালক, বিইপি
৩. প্রোগ্রাম ম্যানেজার, ফিল্ড অপারেশন, পেইস
৪. প্রোগ্রাম ম্যানেজার, পেইস
৫. আঞ্চলিক ব্যবস্থাপক, পেইস